বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২২৬ তারিখঃ ১৬ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ
৩১ডিসেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭৫৫ তম কমিশন সভা অদ্য ৩১/১২/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায় প্রাথমিক গণ প্রস্তাব (আইপিও) এর চাঁদা গ্রহণের আবেদন প্রক্রিয়ায় নিম্নোক্ত পরিবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করেছে:-

(ক) সাধারন বিনিয়োগকারীদের মধ্যে বিদ্যমান লটারী ব্যবস্থার পরিবর্তে আনুপাতিক (Pro-rata) হারে বরাদ্দ প্রদান;
(খ) সাধারন বিনিয়োগকারীগণের প্রাথমিক গণ প্রস্তাব (আইপিও) এ আবেদনের ক্ষেত্রে তালিকাভুক্ত সিকিউরিটিজে বাজার মূল্যে নূন্যতম ২০ (বিশ) হাজার টাকা বিনিয়োগ থাকতে হবে;
(গ) সাধারন বিনিয়োগকারীগণের প্রাথমিক গণ প্রস্তাব (আইপিও) এ আবেদনের ক্ষেত্রে নূন্যতম চাঁদার পরিমাণ (Application Money) ১০ (দশ) হাজার টাকা বা উহার গুণিতক হবে;
(ঘ) বুক-বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (আইপিও) অনুমোদনের ক্ষেত্রে বিদ্যমান দ্বৈত সম্মতি পত্রের পরিবর্তে বিডিং এবং প্রসপেক্টাস প্রকাশের একসাথে সম্মতি পত্র প্রদান করা হবে।

যাহা আগামী ০১লা এপ্রিল, ২০২১ হতে কার্যকর হবে।

০২. কমিশন সভায়, Walton Hi-Tech Industries Limitd, Energypac Power Generation Limited, Mir Akhter Hossain Limited, Lub-rref (Bangladesh) এবং Index Agro Industries Limited এর বিডিংয়ের ক্ষেত্রে যে সকল ইলিজিবল ইনভেস্টর বা যোগ্য বিনিয়োগকারী Cut-off Price এর ২০০ % এর অধিক মূল্যে Bidding করেছে তাদেরকে পরবর্তী ০৩ (তিন) টি প্রাথমিক গণ প্রস্তাব (আইপিও) এ অংশ গ্রহণের জন্য অযোগ্য ঘোষণা করা হয়েছে। এছাড়াও উপরোক্ত Bidding এ যে সকল যোগ্য বিনিয়োগকারী Cut-off Price এর ১৫০% হতে ২০০% অধিক মূল্যে Bidding করেছে তাদেরকে পরবর্তী ০২ (দুই) টি এবং যে সকল যোগ্য বিনিয়োগকারী Cut-off Price এর ১০০% হতে ১৫০% অধিক মূল্যে Bidding করেছে তাদেরকে পরবর্তী ০১ (এক) টি প্রাথমিক গণ প্রস্তাব (আইপিও) এ অংশ গ্রহণের জন্য অযোগ্য ঘোষণা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

31-12-2020

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) ও মুখপাত্র